- “(2A) The power to make rules under this Act is subject to the condition of the rules being made after previous publication in the Official Gazette and consideration of objection, if any, made thereto.
- “(2B) The power to make rules under this Act is also subject to the further condition of the rules being laid before the Legislature for modification, if any, thereto by the same.”

was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

*Preamble*

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1959, as settled in the Council, be passed.

**Shri Naren Das:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতাপ্রসঙ্গে বিরোধীপক্ষের কাছে আহবান জানিয়েছেন যে, আগামীকাল থেকে আমরা কভজন লোক বন্যার্তার সাহায্যের জন্য ঘেটে রাজী আছি। আমি মোটামুটি বিরোধীপক্ষের তরফ থেকে বল্ছি যে, কাউন্সিল শেষ হবার পরের দিন থেকে উনি ঘেভাবে চান আমরা একে সাহায্য করতে প্রস্তুত।

**SJ. Santosh Kumar Bhattacharyya:**

মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতার মধ্যে এক জায়গায় বলেছেন যে, বন্যা এলাকায় কে গেছেন? আমি একজন শিক্ষক প্রতিনিধি হিসাবে বলতে পারি যে, আমাদের জেলার বন্যাপাঁড়িত অঞ্চলের ভেতরে আমি গিয়েছি এবং সেখানে যথাসাধ্য কাজ করার চেষ্টা করেছি। কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে, ক'জন মন্ত্রী বন্যাপাঁড়িত অঞ্চলে ঘূরে এসেছেন? শিক্ষক প্রতিনিধি হিসাবে তাঁকে জানাচ্ছি যে, তাঁকে সর্বতোভাবে সাহায্য করতে আমরা সবসময় প্রস্তুত আছি।

**Shri Sasanka Sekhar Sanyal:** The Hon'ble Chief Minister wanted contribution to his Fund. I am prepared to give my quota to him. But I tell him that in the Murshidabad District we have organised our own Relief Committee of which Shri Narendra Kumar Bhattacharyya is the President and myself is the Secretary; Santosh Babu is one of the members. I want to know from the Chief Minister what contribution and help he is prepared to render to us.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I shall certainly give.

[12-50—12-53 p.m.]

**Shri Nirmal Chandra Bhattacharyya:** Sir, the present Bill is an amendment of the Members' Emoluments Act of 1937. It is unfortunate that we should rely upon that moth-eaten Act of British days in order that we might get our salary. Sir, there is an Article in the Constitution. Article 195 says: "Members of the Legislative Assembly and the Legislative Council of a State shall be entitled to receive such salaries and allowances as may from time to time be determined by the Legislature of the State by law and, until provision in that respect is so made, salaries and allowances at such rates and upon such conditions as were immediately before the commencement of this Constitution applicable in the case of members of the Legislative Assembly of the corresponding Province." We expected that the Government of West Bengal would not bring up this kind of Bill. It does not reflect any credit upon the Government of West Bengal that they should rely upon this from Old Act. We would expect that in the near future the Government would come up with a Bill.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I draw the attention of Professor Bhattacharyya that the word 'member' used in the old Act referred to Assembly Member. I have changed that and made Assembly and Council Members.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1959, as settled in the Council, be passed was then put and agreed to.

**Mr. Chairman:** The House stands adjourned till 3-30 p.m. tomorrow. There will be no questions. For two hours there will be a debate on the food situation and consideration of any business which is left over from today.

**Adjournment**

The Council was accordingly adjourned at 12-53 p.m. till 3-30 p.m. on Tuesday, the 6th October, 1959, at the Legislative Buildings, Calcutta.

**Members absent**

Bandopadhyay, Shri Upendra.  
Banerjee, Shri Sachindra Nath.  
Banerjee, Shri Tara Sankar.  
Chatterjee, Shri Krishna Kumar.  
Chattopadhyay, Shri K. P.  
Moitra, Shri Dhirendra Nath.  
Mookerjee, Shri Kamala Charan.  
Prodhan, Shri Lakshman.  
Roy, Shri Surendra Kumar.  
Sanyal, Dr. Charu Chandra.  
Saraogi, Shri Pannalal.  
Sarkar, Shri Pranabeswar.  
Sen, Shri Jimut Bahan.

## COUNCIL DEBATES

*Tuesday, the 6th October, 1959.*

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Tuesday, the 6th October, 1959, at 3-30 p.m. being the sixth day of the Eighteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

### RULING ON POINT OF PRIVILEGE

[3-30—3-40 p.m.]

**Mr. Chairman:** Before we proceed to the business of the day, I would like to give my ruling on the point which was raised the other day about the privilege of members by Shri Sasanka Sekhar Sanyal.

On 25th September 1959 Shri Sasanka Sekhar Sanyal had raised a point of privilege. The point of privilege urged by him is that he was refused an interview which he sought with Shri Pannalal Das Gupta, a prisoner in jail. The honourable member on 26th May 1959 had received a letter from the Government wherein the Government regretted their inability to accede to his request. Sj. Sanyal argues that the rules for interview of prisoners as per Chapters 17 and 18 of the Jail Code govern and guide the prisoners themselves but they cannot determine the rights and privileges of the members of the Legislature; and he maintains that a member of the Legislature has a right to visit a prisoner in jail. He further maintains that a prisoner being in custody of the Government, it is a right and a duty of every member to ascertain his condition in jail; and unless that right is exercised by the member, the member will be hampered in the discharge of his duties as a member of the Legislature. Sj. Sanyal has quoted Sir Erskine May in laying down his proposition. He quotes: "Parliamentary privilege is the sum of the peculiar rights enjoyed by each House collectively and by members of each House individually without which they could not discharge their functions and which exceed those possessed by other bodies and individuals". He has also stated various other points to justify that there has been a breach of privilege by such a refusal.

From a perusal of the Jail Code, rule 56(1), which has been referred to by the honourable member, it appears that the members of the Legislature are appointed as non-official visitors of a jail or a sub-jail for a particular period of time. So long they are non-official visitors they can only visit a jail for which they are appointed as jail visitors. They cannot visit during the period of their appointment any other jail without the permission of the appropriate authorities such as the Superintendents of Jails, the Inspector-General of Prisons and Government. No member of the Legislature is an ex-officio visitor of a jail.

The honourable member is probably aware that recently the Privileges Committee of the Lok Sabha deliberated to decide whether the interception by the jail authorities working under the Jail Code, of a letter written by an M.P. in jail custody to another M.P. outside was a breach of privilege or not. I am referring to Sj. Kansari Haldar's case which is well known to honourable members of this House. The Committee of the Lok Sabha decided that there was no breach of privilege by such interception but the Committee made some recommendations for the consideration of Government. Article 105 and 194 of the Constitution of India deal with the powers, privileges and immunities of the Legislatures of the Union and of the

States and of their members and committees thereof. In the said articles there is a provision that Legislature may, by law, define the powers, privileges and immunities in respect of matters other than those mentioned in the articles, and that, until so defined, the privileges would be those of the British House of Commons and of its members and committees, at the date of commencement of the Constitution. "The distinctive mark of a privilege is its ancillary character" as has been said by Sir Erskine May. They are enjoyed by individual members, and as such the House cannot perform those functions without unimpeded use of service of its members,—and they are also enjoyed by each House for the protection of its members and the vindication of its own authority and dignity. It is also true that no privilege can be created by either Houses of Parliament in Great Britain, and as such, we are to find out, searching the precedents, whether refusal by the Government to allow a member to visit a prisoner in jail—when he desires to do so—amounts to a breach of privilege. I have not been able to find out any. I am not sure what would happen if circumstances required an extension of privilege, in order properly to protect the collective work of the House; but it is important to realise that the word *privilege* has a relationship with the dignity and free functioning of the House as a whole. It is not a question of privilege of individual MPs except in as far as they are related to the functioning of the House as a whole. The desire not to extend the privileges of Parliament strains from a general feeling among the members of the House. The last thing they should do would be to extend the Parliamentary privileges in ways which would not vindicate the civil and democratic rights of the people.

A *privilege*, in the legal sense of the term, is an exemption from some duty, burden, attendance or liability, to which others are subject. Here in the present case I think a member cannot have the exemption from the restraint to which others are subjected. Of course, if the House passes a law, the matter would be different. As I have already said, I have not been able to find out any precedent in the House of Commons on this particular aspect of the case; and as no new privilege can be created until laws are enacted under Articles 105 and 195 of the Constitution of India, it is extremely difficult for me to say that there has been *prima facie* a case of breach of privilege by refusing to allow a member of the Legislature to interview a prisoner in the jail by the jail authorities, in not by-passing the rules and regulations of the jail code in favour of the member to which other persons are subjected.

But still I would prefer the Committee of Privileges of this House to make a declaration on the issue. I would ask the Committee to go through the cases of the House of Commons and to find out for themselves—and for the benefit of the House—if there could be a breach in the present case. I do not wish to have a final say in the matter by an *ad hoc* decision of mine that there is no *prima facie* case. As the custodian of the rights and privileges of the House, I refer the matter to the Committee of Privileges for a verdict and its valuable recommendations, if any, which the Committee may desire to make.

### COMMITTEE OF PRIVILEGES

**Mr. Chairman:** I would like to announce the names of the members of the newly constituted Committee of Privileges. They are:—

- (1) Shri Tripurari Chakravarti,
- (2) Shri Gopal Chandra Halder,
- (3) Shri Harendra Nath Mozumder,

- (4) Shri Gurugobinda Basu,
- (5) Shri Asutosh Ghosh,
- (6) Shrimati Labanyaaprova Dutt, and
- (7) Shri Rabindralal Sinha.

Under the rules the Deputy Chairman will be the Presiding Officer ex-officio.

**Shri Sasanka Sekhar Sanyal:** I hope, Sir, you will allow the member who raised the question of privilege to appear before the Privilege Committee to argue the case.

**Mr. Chairman:** It is for the Committee to decide.

### DEBATE ON FLOOD

[3-40—3-50 p.m.]

**The Hon'ble Prafulla Chandra Sen:**

মাননীয় পরিষদপাল মহাশয়, আমরা এ বছর ভেবেছিলাম যে বোধ হয় আর প্রাকৃতিক দুর্ঘ্যের সম্মুখীন হতে হবে না। কিন্তু গত কয়েক বছরে আমাদের পশ্চিম বাংলার উপর দিয়ে অনেক যে দুর্ঘ্যের চলে গেছে তার মধ্যে এ বছরের যে দুর্ঘ্যেরগের সম্মুখীন আমরা হয়েছি তার তুলনা হয় না। ১৯০৬ সালে পশ্চিমবঙ্গে এক ভীষণ প্লাবন হয়েছিল এবং তাতে প্রায় ১২ লক্ষ লোকের ঘরবাড়ী ভেসে গিয়েছিল, অনেক জরিম ফসল ও নষ্ট হয়েছিল। ১৯৫৫ সালে আমাদের দেশে অনাবৃষ্টির জন্য ফসল তাজ হয় নি বলে লোকের দণ্ড এবং কষ্ট হয়েছিল। ১৯৫৮ সালে সময়মত ব্রিট না হওয়ার দরুণ লোকের কষ্ট হয়েছিল। জিনিসপত্রের মাল্য বৃদ্ধি পরিয়েছিল এবং এর ফলে ১৯৫৯ সালে আমাদের দেশে নিত্য প্রয়োজনীয় দ্রব্যেরও দাম বেড়েছে। এ বৎসর আগে স্বৰ্বৃষ্টি হয়েছিল, ভাল ফসল ও হয়েছিল। কিন্তু গত কয়েকদিনের ব্রিটিংতে আমরা একটা সমস্ত বড় দুর্ঘ্যের এবং বিপদের সম্মুখীন হয়েছি। বৈশাখ মাসে ইংরাজীর মে মাসে এ বছরে কলকাতায় একটা বড় হয়। অনেকদিন আমাদের দেশে কালবেশাথী দেখা দেয়নি। এ বছরে যে বড়টা হল তাতে অনেক ক্ষতি হয়েছে, বিশেষ করে কলকাতার বিস্তীর্ণ বাসীদের। আমরা ভাবলাম যে এখানেই বোধ হয় শেষ হল। কাল-বৈশাখীর রুদ্রবৃপ্ত যথন আমরা দেখলাম তখন ভাবলাম এ বছরে বোধ হয় স্বৰ্বৃষ্টি হবে। ব্রিট কিছু হল এবং আমাদের পশ্চিম বাংলার অত ও বছরের তুলনায় বেশী পরিমাণ জরিমতে চারীরা ধানের চাষ করল—ইতিমধ্যে খবর এল গুজীলিঙ্গ জেলায় জেলায় কালিম্পং এ খুব বেশ ব্রিট হওয়ার ফলে ল্যান্ডস স্লাইট হয়েছে এবং তাতে কয়েকজন লোকের প্রাণহানিও ঘটেছে। আমার যতদ্রূ মনে আছে ২৭ জন লোকের সীবন নষ্ট হয়েছে। কালিম্পং ল্যান্ডস স্লাইট হওয়ায় শস্যের ক্ষতি হয়েছে, ঘরবাড়িরও ক্ষতি হয়েছে। আমরা মনে মনে ভাবলাম যে বোধ হয় কেটে গেল। কিছুদিন পরে আমাদের চিকিৎস-পরগনা জেলার বাসিন্দাটারে একটা অঞ্চল নোনা জেলের প্লাবনে ভেসে গেল। অনেক ফসল নষ্ট হল, অনেক ঘরবাড়ী পড়ে গেল; লোকের দণ্ডবদ্ধন্দশার সীমা ছিল না। তারপর আগস্ট মাসে পশ্চিম বাংলার কয়েকটি জেলায় বন্যা হয়। মালদহ জেলায় খুব বেশী অংশে নয় কতকাংশে ন্যা হয়েছিল। মুশিদাবাদ জেলায় কতকাংশে বন্যা হয়েছিল—আমরা ভাবলাম এ রকম বন্যা বাধ হয় তত ক্ষতিকর নয় কেন না আমাদের ধারণা, বোধ হয় এখানকার সমস্ত মাননীয় সদস্যদের গারণ যে অনাবৃষ্টির চেয়ে অল্প করে বন্যা হওয়া ভাল কেন না বন্যা অনেক সহয় আমাদের মাছে আশীর্বাদস্বরূপ; বন্যার ফলে পলি আসে এবং সৰ্ত্ত কথা বলতে গেলে আমাদের এই মালদেশের স্বীকৃত হয়েছে বন্যার ফলে—তা না হলে বালদেশের স্বীকৃত হত না; কিন্তু কোন জিনিসের বেশী ভাল নয়। অতি ব্রিট ভাল নয়, অনাবৃষ্টিও ভাল নয় আবার অতিশয় বন্যাও ভাল নয়। এ বছরে সেপ্টেম্বর মাসের শ্বিতীয় সপ্তাহের ৭-৮ সেপ্টেম্বর থেকে দারুন ব্রিট সারস্ত হয়। এফএসবলের অবস্থা যে খুব শোচনীয় হয়েছিল এ কথা বলাই বাহুল্য। কলকাতার মার্যাদাবাদ করেন তাঁরাও দখে অবাক হয়ে গেলেন কলকাতার কতকগুলি অঞ্চলে ব্রিটের জল দিয়ে খুব ক্ষতি হয়েছিল। আমার যতদ্রূ মনে আছে ৮ হাজার পরিবারের প্রায় ৪৯ হাজার লাককে সঁরিয়ে আনতে হয়েছিল, হাসপাতালে রাখতে হয়েছিল, স্কুল ঘরে রাখতে হয়েছিল এবং শহরে সাহায্য দিতে হয়েছিল এবং সেই সমস্ত পশ্চিম বাংলার সর্বত্ত্ব ব্রিট হয়েছিল। কয়েকদিন

পরে খবর এল একটা ভীষণ স্থাবন হয়েছে এবং আমরা অতদ্রু হিসাব করে তখন দেখেছিলাম তাতে জেনেছিলাম যে প্রায় ২ লক্ষ টন ধানের ফসল নষ্ট হয়ে যাবে এবং খুব বেশী ধরবাড়ী পড়ে যাবে। বৃষ্টি বৃথৎ হয়ে গেল। আমরা এবং মাননীয় সদস্যরা সকলেই মনে করলেন যে বোধ হয় এই শেষ হল, আর কিছু হবে না। কিন্তু গত ৩০শে সেপ্টেম্বর থেকে আবার বৃষ্টি আরম্ভ হল। তা আর দুর্ব্বেগ নয় একটা তাণ্ডব-লীলা আরম্ভ হয়েছে। কেউ কেউ বলছেন যে প্রলয় কান্ড ঘটতে চলেছে। বাংলাদেশের অধিকাংশ জেলা এই অতিবৃষ্টির ফলে, ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। মুর্শিদাবাদ, নন্দিয়া, বর্ধমান, মেদিনীপুর, চাঁচিপুরগন্মা, হাওড়া, হুগলী, বীরভূম জেলার ভীষণ ক্ষতি হয়েছে এবং এখনও এমন কতকগূলি অগ্নি আছে যেখানে শত চেষ্টা করেও আমরা যেতে পারছি না। আমরা আর্মির সাহায্য চেয়েছিলাম, তারা সঙ্গে সঙ্গে আমাদের সাহায্য দিয়েছেন কিন্তু এমন স্থানের টান যে স্পীড বোট, ম্যানস্ট বোট—মানে সৈন্য বিভাগ থেকে যেসমস্ত বোট বাহার করা হয় তাও প্রয়োপূর্বভাবে কার্যকরী হতে পারছে না। তার উপর ইতিমধ্যে অনেক জায়গায় রেল লাইন ভেঙে গেছে। এমন কতকগূলি মহকুমা আছে, থানা আছে স্থানে আমরা এখনও যেতে পারছি না—যেমন মুর্শিদাবাদ জেলার ভরতপুর থানা, কীদী থানায় কিছু অংশ, বর্ধমান জেলায় পৰ্বত্স্থলী থানা, কাটোয়া মহকুমার কিছু কিছু অংশ, হুগলী জেলায় ধানাকুল থানা, মেদিনীপুর জেলায় ঘাটাল থানা, চাঁচিপুরগন্মা জেলায় কাকমৈপুর কতক অংশ এবং সাগরস্বীপুর কতক অংশে আমরা ঠিক ঠিক যেতে পারছি না। আর্মি বোট বিশেষ করে বর্ধমান, মুর্শিদাবাদ এবং হাওড়া—এই তিনিটি জেলাতে কাজ করছে। নন্দিয়া জেলায় বিপদ এই তিনিদল থেকে আরম্ভ হয়েছে—জল যত নামছে বিপদ তত বাড়ছে। শুধু ভাগিনীপুর নয়, চুরি, জলাঞ্জীর জলও বেড়েছে। আমাদের দেশে যেসব নদনদী আছে সেগুলি সব রুদ্রমুর্তি এবার ধারণ করেছে। কাজে কাজেই জল জমে যাচ্ছে, সেগুলি কিছুতেই বেরুতে পারছে না। আমরা ঠিক করেছি যে নন্দিয়া জেলায় ১০ থানা দ্রুতগামী আর্মি নৌকা পাঠাতে হবে এবং বেধ হয় এতক্ষণে তা চলেও গেছে। যেসমস্ত অগ্নে আমরা সাহায্য পাঠাতে পারিন সেইসব জায়গায় আমরা কাল সকাল থেকে ইঁড়িয়ান এয়ার ফোর্সের সাহায্যে ফড় প্যাকেট চিড়ে, গুড় সমেত ফেলবো এবং পরে জল র্যান করে যায় তাহলে আমরা সেখানে চাল এবং অন্যান্য খাদ্যদ্রব্য এবং পুরুষ দেবো। যেসমস্ত জায়গা থেকে জল সরছে সেসমস্ত জায়গায়ও বিপদ কম নয়—জল যত সরছে বাড়িয়াবেরো তত বেশি করে পড়তে আরম্ভ করছে এবং আমরা খবর পেয়েছি কতকগূলি জায়গায় শতকরা ৭০টা মার্টিউ বাড়ি পড়ে গেছে এবং যেসব জায়গায় জল এতাদুন ধরে দাঁড়িয়ে আছে স্থানে মার্টিউ ঘর একটাও থাকবে বলে আমরা মনে হয় না। কাজে কাজেই গ্রহণন্তরণ সমস্যা তখন আরো বেশী করে দেখা দেবে। তারপর জল যত কমতে থাকবে, রোগও তত বেশী হবে। আজকে আর্মি ডিরেক্টর অব পার্সুল হেলথের সঙ্গে আলোচনা করাইলাম—তিনি বলছিলেন যে আমরা যেখানে খবর পাচ্ছি স্থানে মেডিকেল স্কোয়াড পাঠিয়ে দিচ্ছি এবং ইতিমধ্যে একশোটা মেডিকেল স্কোয়াড পাঠানো হয়েছে। সত্য কথা বলতে গেলে যতটা সাহায্য করা দরকার আমরা ততটা সাহায্যও করতে পারছি না। যাঁরা আমাদের কাছে আসতে পারছেন, যেখানে যেখানে আমরা যেতে পারছি এবং যেখানে আমরা সংযোগ স্থাপন করতে পারছি স্থেখানে আমরা সাহায্য পাঠাচ্ছি কিন্তু এমন অনেক জায়গা আছে যেখানে ইচ্ছা থাকলেও আমরা সাহায্য প্ল্যুরোপুরি পাঠাতে পারছি না। কোন কোন জায়গায় আবার পানীয় জেলের সমস্যা দেখা দিয়েছে, টিউবওয়েল নষ্ট হয়ে গেছে, পুরুরের জল নষ্ট হয়ে গেছে—লোকে নদীর জলও খেতে পারছে না। সেজন্ম আমরা হেলথ সার্ভিসেস থেকে হ্যালজেন ট্যাবলেট পাঠাচ্ছি। হ্যালজেন ট্যাবলেট জলে ফেলে দিলে তাতে জলের অস্বাদটা হয়ত একটু থারাপ লাগবে কিন্তু লোকে প্রাণে বাঁচবে।

[3-50—4 p.m.]

আমাদের বিপদের সম্মুখীন হওয়াতে শুধু যে সরকারই সাহায্য করছেন তা নয়, আর্মি সংবাদ পেয়েছি যে বহু নন-অফিসিয়াল অর্গানিজেশন, বে-সরকারী সংস্থা, তারাও কাজ করছেন। দিকে দিকে তাঁরা লোককে উদ্ধার করছেন। আর্মি এ পর্যন্ত যে খবর পেয়েছি—প্রায় ৯৫ হাজার লোককে উদ্ধার করে এনে তাদের আশ্রয় দিতে হয়েছে। আরও অনেক জায়গা আছে যেখানে আমরা উদ্ধার কাজ চালাচ্ছি, এবং উদ্ধার করে যাদের আমরা আশ্রয় দেবো তার সংখ্যা বোধ হয় শেষ পর্যন্ত দাঁড়াবে দুই লক্ষ। ইতিমধ্যে ঐ ৯৫ হাজার, যাদের আমরা উদ্ধার করে এনেছি, তাদের জন্য আমরা মোচামুটি কিছু ধারারের ব্যবস্থা করে দিয়েছি।

পশ্চিম বাংলার এই যে সমস্যা উপর্যুক্ত হয়েছে, এটা আশু সমস্যা হলেও, আমরা অনেক প্রেরিত থেকে ভাব্যতে খুব ভাল ফসল হবে। কিন্তু এখন আমরা ব্যবহারে প্রায়ই—ফসলের দ্বিতীয় পরে হিসাব আরও বেশী হতে পারে। সেটেম্বরের প্রথম দিন্যাম আমরা ভেবেছি হুলাম খুব বেশী ফসলের ক্ষতি হবে না, কিন্তু এখন আমরা দেখতে পাচ্ছি ফসলের খুব বেশী ক্ষতি হবে। কাজে কাজেই এত ভাল ধান হুওয়া দ্বারা আগামী বছর আমাদের খাদ্যের বাপারে দ্বিতীয় বিপদের সম্মুখীন হতে হবে। আমরা এ পর্যন্ত বহু টাকা দিয়েছি বিভিন্ন জায়গায়, এবং দ্রুতে পাছিয়ে যে টাকা দিয়েও আমরা সব জায়গায় পেঁচাতে পারছি না। আমরা মোটামুটি প্রায় এক কোটি টাকার জিনিস—খাদ্য, বস্তু ইত্যাদি বিভিন্ন জায়গায় পাঠিয়েছি। আজ সকালে নদিয়া জলের ম্যাজিস্ট্রেট আমাকে টেলিফোন করে জানান যে তাঁর হাতে রিলিফের দ্বা রয়েছে, কিন্তু তিনি সেগুলি পাঠাতে পারছেন না। এই একটা মহা বিপদ রয়েছে। ফ্লু প্যাকেট যেখানে আমরা এয়ার-ড্রপ করবো ঠিক করি, তখন আমাকে একজন বলেন, ফেলবেন কোথায়? ডাঙা নয়গা ত কোথাও নেই, ফেলবেন কোথায়? ইম্পেরিয়াল কৈফিয়াত ইন্ডাস্ট্রি, তাঁরা প্রায় এক জারটা প্রলিখিন ব্যাগ দিয়েছেন, তাতে খাদ্যদ্বারা নষ্ট হয়ে যাবে না। তাঁরা খুব উপকার করেছেন এবং বলেছেন আরও বেশী ব্যাগ দরকার হলে তাঁরা দেবেন। এই রকম আরও অনেক জায়গা থেকে সাহায্য আসছে। আমাদের এখানে যে সিলোনার্স এয়াসোসিয়েশন আছে, তাঁদের কাছে—সামরা আবেদন জানাই এবং মৃত্যুমন্ত্রী মহাশয়ের আবেদনে তাঁরা এক গাঁট কাপড় দিতে প্রস্তুত রয়েছেন, যার মূল্য বোধ হয় এক লাখ টাকা হবে। সেই কাপড় আসতে আরম্ভ করেছে। আমাদের অনেকে ষষ্ঠ দিয়েও সাহায্য করছেন। যেমন দেস্ মেডিকাল স্টোর—তাঁরা প্রায় ২৬ জার টাকার ওপর মৃত্যুমন্ত্রী মহাশয়ের হাতে দিয়েছেন। এই রকমভাবে বহু বেসরকারী স্থান থেকে আমরা সাহায্য পেয়েছি। সবচেয়ে বেশী সাহায্য পেয়েছি আর্মি ও এয়ার ফোর্স থেকে এবং আমাদের প্রলিস বাহিনীকে অনেকে একটু মনে দেব খারাপ বা ভাল চোখে দেখেন না, তাঁরা পর্যন্ত আমাকে বলেছেন যে মশাই, প্রলিস বাহিনী নেক জায়গায় যে রকম কাজ করেছে তা প্রশংসন বিষয়। অনেক সময় তাদের জীবন বিপদ হয়ে কাজ করেছে। কলকাতা শহরে স্বত্ত্বাধীন যথন ভীষণ বৃষ্টি হয়, তখন আমাদের অনেক জায়গায় সাহায্য বিতরণ করতে হয়েছিল চিংড়ি, মুড়ি প্রভৃতি দিয়ে এবং সেখানেও সেই সময় আমাদের প্রলিস বাহিনীর সাহায্য নিতে হয়েছিল। কারণ কলকাতায় সাহায্য বিতরণের জন্য সরকার কোন ভাল ব্যবস্থা নেই।

আমাদের এখানে একজন জেলা ম্যাজিস্ট্রেটের মত কেউ নেই, একজন এস ডি ও-এর মত কেউ নই—মোটামুটি কর্পোরেশনের হাতে এই সমস্ত ক্ষমতা। কাজেই আর্মি তাড়াতাড়ি কাজ করবার জন্য প্রলিস কর্মশনারের সাহায্য নিয়েছি এবং খুব তৎপরতার সঙ্গে বোধ হয় ৫-৬ ঘণ্টার মধ্যে স্কালার বিভিন্ন জায়গায় সাহায্য পাঠান সম্ভব হয়েছে—তাঁরা উত্থার কার্য করেছেন—সাহায্য ব্যবরণ করেছেন। এজনে আর্মি প্রলিস বিভাগের কাছে বিশেষ কৃতজ্ঞ এবং সমগ্র দেশবাসীর মনের কাছে কৃতজ্ঞ। আমাদের কাজ সবে আরম্ভ হয়েছে। আপনারাও জানেন দুর্দিন আগে নই হয়েছিল বিপদ বৃষ্টি কেটে গেল, কিন্তু দুর্ভাগ্যবশতঃ আবার বৃষ্টি শুরু হল। বিভিন্ন জায়গা থেকে খবর পেলাম—প্রতিদিন সকালে উঠে আমার প্রথম কাজ হল আটাটি জেলা ম্যাজিস্ট্রেটকে ফোন করা—এইভাবে তাদের কাছ থেকে খবর নিয়েছি, তাঁরা বলেছেন—মশাই, জ্বানক বিপদ—অনেক জায়গায় সারা রাত্রি জেগে লোকে চেষ্টা করেছে বাঁধ রাখতে, কিন্তু আর শুরু হন না। গরু বাঁচার বহু মরেছে—কত আর্মি জানি না, পশু খাদ্য, নেই বললেই ঠিক হবে—জ্বানকের দাঁড়াবার জায়গা নেই। পশু-খাদ্য অনেক জায়গায় আমরা পাঠিয়েছি বটে, কিন্তু অনেক ইল স্টেশনে এগুলি পড়ে আছে—যেখানে বেশী দরকার সেখানে পেঁচাতে পারছিলে। অনেক জায়গা থেকেই খবর পাই—অন্ততঃ দুপুর মোকা দরকার, কিন্তু আর্মি পেয়েছি মাত্র ৭০ খান। অনেক জায়গায় বেসরকারী প্রতিষ্ঠান নোকা নিয়ে সাহায্য করতে গিয়েছেন, কিন্তু যেখানে শখনা দরকার সেখানে হয়ত তাঁরা সংগ্রহ করতে পেরেছেন মাত্র দুখানা নোকা। এখনও বিপদ স্টেচে বলতে পারি না। যা আবার নাকি দোলায় আসছেন—দোলায় এলে কি ফল হবে তা আমাদের অধ্যাপক বল্দু পিপুরার চৰ্বতোৰী মহাশয় ভাল বলতে পারবেন। কি হবে আর্মি চান না—বৃষ্টি আসবে কি আসবে না কিছুই বলতে পারি না। আমাদের অজয়বাদুকে সকলে

বাহে—চূমি দামেস্য ভালি পরিকল্পনা করলে—অঙ্গ নদী পরিকল্পনা করলে, কিন্তু কিছুই তেওঁ হল না। কিন্তু আমি ভাল করে অন্তস্থান করে দেখলাম অঙ্গবাবুর এইসব পরিকল্পনা না থাকলে এবং মাঝে মাঝে ওগুলি মারফত যদি জল না ছাড়তেন তাহলে ভ্যামের উপর এমন চাপ প্রত বে, ভ্যাম ভেঙে বেত এবং তাতে সাতাকারের প্লেন কাণ্ড ঘটত। একটি আগে ওকে জিজ্ঞাসা করেছিলাম—পাণ্ডেত ভ্যামে ৩ লক্ষ ৯৩ হাজার কিউটেকে জল আসছে—সেখানে ছাড়েন হয়ত ৯৩ হাজার—যদি তিনি তা না ছাড়তেন তাহলে এই জল সমস্ত গ্রামে চলে বেত, মাটে যেত—এর ভেলোসিটি এত বেশী হত যে তার তোড়ের ঘূর্থে কিছুই থাকত না। সুতরাং এসব পরিকল্পনায় কিছুই কাজ হয়নি একথা বলা যায় না। মাননীয় পরিষদপাল ইহাশয় জানেন আমাদের পশ্চিম বাংলায় এ্যাভেজে রেনফল ৫০-৫২ ইঞ্চি। এক দিনে যদি ১০ ইঞ্চি রেনফল হয় এবং সমস্ত নদী-নলা যদি ভর্ত থাকে তাহলে লোকের কি দণ্ডগাঁথ হবে তাহা কল্পনাতীত—লোকের দণ্ডের সীমা থাকে না। দুঃক্ষণিন বৃষ্টি হলেই লোকে অতিষ্ঠ হয়ে উঠে, অনেক টেলিগ্রাম আমার কাছে আসছে—সমস্ত ঘরবাড়ী পড়ে গেছে, লোকে গাছের উপর রয়েছে। সুতরাং সহযোগের আজ ব্যাপক প্রয়োজন হয়ে পড়েছে—বেসরকারী যারা আছেন তাদের সহযোগিতা আমরা বাধনা করি এবং এখানে যারা সভা আছেন তাঁদের সহযোগিতাও একেতে অত্যন্ত কামনা করি। আজ থেকে আমাদের কাউন্সিল শেষ হবে—আমাদের থেখানে যেখানে কমিটিটুরেন্স আছে তার থেখানে বেথানে আমরা যেতে পারি থেখানে সেখানে যাব। আমাদের প্রতেক ইল্লী ইহাশয় তাঁ ছুটি বাতিল করে দিয়েছেন, অনেকে বাইরে যাবার জন্য টিকিট পর্যন্ত করে ফেলেছিলেন—কেউ শিশুলতলা, কেউ দার্জিলিঙ্গ যাবেন বলে, কিন্তু এই অবস্থায় সকলেই ছুটি বাতিল করে দিয়েছেন এবং মন্ত্রীদের আমরা ভাগ করে দিয়েছি—এক একজনকে আমরা একটা দৃঢ়ো করে জেলার ভার দিয়েছি। আজকে কাউন্সিল না থাকলে আরও কম মন্ত্রীদের এখানে দেখতেন। কাউন্সিল শেষ হবার পর আর্মি মনে করি সকলে যারা বনাপৰ্মাণিত তাদের সাহায্য যাবেন। এর পরেও আমাদের অনেক কাজ করতে হবে। লক্ষ লক্ষ লোককে আমাদের পুনর্বাসন দিতে হবে

[4—4-10 p.m.]

এবং আমি আশা করি এই পরিষদের কাজ শেষ হবার পর তাঁরা সকলেই—যারা বন্যাপৰ্মাণিত তাদের সাহায্য যাবেন। এরপরও আমাদের অনেক কাজ করতে হবে—লক্ষ লক্ষ লোককে আমাদের পুনর্বাসন দিতে হবে। পশ্চিমবঙ্গে যেসব আশ্রয়প্রাপ্তী ভাইবোন এসেছেন পূর্ববঙ্গ থেকে, আমরা মনে করেছিলাম তাদের আমরা এখানেই পুনর্বাসনের ব্যবস্থা করে দেব। আমরা এই প্রসঙ্গে মনে করি কেন আমরা তাঁদের পশ্চিমবঙ্গে রাখতে পারব না—তাঁরাও বাঙলাভাষায় কথা বলেন, তাঁরাও বাংলাদেশেই থাকতে চান; কিন্তু আমাদের দুর্ভাগ্য যে, তাঁরা এমনসব জ্ঞানগার এবং বিশেষ করে কলকাতার আশেপাশে যেসব স্থানে তাঁরা বর্তমানে বাস করছেন, সেই সব জাগুগা মন্মুখাবাসের উপযোগী নয়। তাঁদের দণ্ডদণ্ডশার সীমা নেই। কাজেকাজেই আজকে আমাদের সকলেরই প্রধান চেষ্টা হবে কি করে তাঁদের এই বিপদ থেকে আমরা উদ্ধার করতে পারি এবং আমরা যদি সকলে রত্তী হই তাহলে নিশ্চয়ই আমরা তাদের এই বিপদের হাত থেকে উদ্ধার করতে পারব।

### Shri Sasanka Sekhar Sanyal:

এরা যে স্টেটমেন্ট দিয়েছেন তাতে বন্যায় কি পরিমাণ ক্ষতি হয়েছে যা কোথায় কতগুলি মত্ত্য হয়েছে তার কেন উল্লেখ করা হয় নি। এ সম্বন্ধে সরকারী দপ্তরে কি খবর এসেছে জানতে পারলে আমাদের বিতর্কের পক্ষে সেটা সহায় হবে।

### The Hon'ble Prafulla Chandra Sen:

বন্যার কনফার্মড নিউজ এখনি বলা সম্ভব নয়—আমরা অনেক রকম সংবাদ পাচ্ছি—আমাদের কাছে এ পর্যন্ত ১৬টি মত্ত্য খবর এসেছে। অনেক জ্ঞানগার সংবাদ এখনও আমরা পাই নি—সুতরাং প্রকৃত ঘটনা কি এখনি বলা সম্ভব নয়। মুর্মিদাবাদের জেলা ম্যাজিস্ট্রেট আমাদের থের পাঠিয়েছেন যে, অনেক চাল গম রয়েছে, কিন্তু বল্লা অগুলে পাঠাতে পারছেন না। ঠটি লক্ষ পাঠাল হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত তাঁরা গুরুত্বসূচিলে গিরে পৌছাতে পারে নি। গ্রাম্যতার একটা জ্ঞানগার আটকে গিয়েছে।

**Shri Santosh Kumar Bhattacharyya:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, খাদ্য ও রিলিফমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় এই বন্যা সম্বন্ধে একটা বিবৃতি দিয়েছেন; এবং এই বিবৃতির ম্ল কথা যেটা সেটা সম্পূর্ণ একপেশে। অর্থাৎ, গ্রাহ্যতাক দুর্ব্যোগই এই ভয়াবহ বন্যার একমাত্র কারণ, অতিবৃষ্টি এই বন্যার একমাত্র কারণ এটাই চাঁর বন্ধবের মধ্যে ফুটে বেরিয়েছে এবং তাঁর আর একটা বন্ধব হল এই যে, যদি এই দামোদর চ্যাল কর্পোরেশন বাঁধ এবং ময়ুরাক্ষী প্রভৃতি বাঁধগুলি না থাকতো তাহলে বন্যার প্রকোপ আরো বাঁশ হত। বাঁধের প্রয়োজনীয়তা নিশ্চয়ই রয়েছে সে-বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু ডি ডি সি-র যে ম্ল পরিকল্পনা তাতে চিটি বাঁধের দরকার, কিন্তু তাঁরা করলেন ওটা। তারপর যেটা নবচেয়ে বড় কথা সেটা হচ্ছে, ডি ডি সি-র পক্ষ থেকে ফ্লাড কল্পোল-এর কোন ব্যবস্থা নাই। টপুরে অর্তারিণ ব্র্যাট হলেই সব বন্যায় ভেসে যায়। আমাদের পক্ষ থেকে এবং বিশেষজ্ঞ মহল থেকেও সরকারের দ্রষ্টি আকর্ষণ করা হয়েছে যে, দীর্ঘদিনের হাজারজন্ম নদীগুলির সঙ্গে সঙ্গে সংস্কার না হলে আমাদের এই সমস্যার সমাধান হবে না। এটা শুধু কয়েক হাজার কিউটেক মলের কথা নয়। আজকে একথা সরকারের পক্ষে ভাববার প্রয়োজন আছে যে, ভাগীরথীর গত ১২।১৬ ফ্লট উচু হয়ে উঠেছে। এবং অন্যান্য সমস্ত নদীও প্রায় ভরাট হয়ে যাচ্ছে। এই অবস্থার দরকার এ সম্বন্ধে কি ভাবেছেন এবং কি পদ্ধতিমন্ত্বন করবেন সেটা ত আমাদের জানা দরকার। অজয়বাবু, বিধানসভায় বলেছেন যে, ফারাঙ্ক ব্যারেজ করতে ৮।১০ বৎসর লাগবে—তাঁদের বাংলাদেশের লোককে এই অভিশাপ বহন করে চলতে হবে। কিন্তু এই বৈজ্ঞানিক ঘূণে একথা আমরা বিশ্বাস করতে প্রস্তুত নই। বিজ্ঞান মানুষের হাতে যে ক্ষমতা তুলে দিয়েছে তা সুস্থি-ভাবে প্রয়োগ করতে পারলে বন্যা নিয়ন্ত্রণ করা সম্ভব এটা আমাদের দ্রুত বিশ্বাস।

আমাদের ঘূর্ণিদ্বাদ জেলা সর্বাধিক বন্যাদুর্গত অগ্নি। আজকের স্টেটসম্যান কাগজে ঘূর্ণিদ্বাদের জেলা ম্যাজিস্ট্রেটের যে মন্তব্য প্রকাশিত হয়েছে তাতে তিনি বলেছেন যে, অনেক জায়গায় খাদ্য বিতরণ করা সম্ভব হচ্ছে না—একথা খাদ্যমন্ত্রী স্বীকার করেছেন। কার্লি, ভরত-শ্বর, সাহেরা ইত্যাদি জলমন্ত্র হয়ে গিয়েছে—তাঁরা বিভিন্ন জায়গায় যাবার চেষ্টা করেছিলেন, কিন্তু যাওয়া সম্ভব হয় নি। আমরা যে সংবাদ পাচ্ছি তাতে দেখছি যে, ভরতপুর থানা, সাহেরা, পাঁচখন্পি, মুরকালি, খরগাম, পুরন্দরপুর, আলদুলিয়া ইউনিয়ন ইত্যাদির প্রায় ৩ অংশ জলপ্রাপ্তি ঘূণে গিয়েছে। কার্লি সম্বন্ধে বিবৃতির মধ্যে একটা কথা আছে যে,—

Still the havoc created by floods was very much less than what occurred in 1956.

মঃ সভাপতি মহাশয়, আর্মি কার্লি থেকে প্রত্যক্ষভাবে রিপোর্ট সংগ্রহ করতে পেরেছি তাতে সামি একথা সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলতে পারি যে, ১৯৫৬ সালে যে বন্যা হয়েছিল এবারের বন্যায় গান্ধি তাঁর চেয়ে অনেক বেশি ক্ষতিপ্রস্ত হয়েছে।

**Shri Satya Priya Roy:** Mr. Chairman, Sir, I would draw your attention to the empty Treasury bench and to the empty benches occupied by the ruling party. They do not think that it is a matter of serious importance.

**Mr. Chairman:** Some of the Ministers are there. They have got joint responsibility and they are following the debate minutely.

**Shri Mohitosh Rai Choudhuri:**

কোন রিপোর্টের কথা বলছেন?

**Shri Santosh Kumar Bhattacharyya:**

ফাস্ট অঞ্চোবরের।

**The Hon'ble Ajoy Kumar Mukherji:** That is a report from the 8th to the 14th of September and after that from the 1st October, 1959.

[4-10—4-20 p.m.]

**Shri Santosh Kumar Bhattacharyya:**

মাননীয় সভাপতি মহাশয়, আমার সময় খুব অল্প কিন্তু জোরের সঙ্গে আমি ঘোষণা করছি যে এই তাত্ত্বকে লঘু করে দেখাবার চেষ্টা করে লাভ নাই। মন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন তাতে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে ১৯৫৬ সালে যে বন্যা হয়েছিল সেই বন্যার চেষ্টে এবারকার বন্যার উচ্চতা ৭ ফুট বেশি। পুরুষরপ্ত কান্দিতে গত বন্যার পর প্রধানমন্ত্রী রিট্রিট করে এসেছিলেন, সেখানে আজ গাছগুলি প্যার্প্ট ডুবে গিয়েছে, গাছের গোড়া জলের তলায় হাজার হাজার লোক কেউ রেলওয়ে এম্বেক্ষকমেট-এর উপর, কেউ স্কুল বিল্ডিং-এ আশ্রয় নিয়েছে। কোন রকম উত্থার কার্য করা সম্ভব হয় নি। সভাপতি মহাশয়, আপনি একথা জানেন যে গত তুরা অঢ়ে-বর সর্বশেষ কান্দি থেকে যে খবর পেয়েছি, সরকারী স্ত্রি ডিস্ট্রিট ম্যাজিস্ট্রেট থেকে যে খবর পেয়েছি তাতে তুরা বলেছেন যে কোন রকম কিছু করা সম্ভব হয় নি, সরকারীভাবে কোন রকম কিছু করার চেষ্টা করা যাচ্ছে না। এবং যতটা উত্থারকার্য করা সম্ভব হয়েছে তাও স্থানীয় জনসাধারণ নিজেদের জীবন বিপন্ন করে উত্থারকার্য চালিয়েছে, কত জনের মত্তু হয়েছে জানি না, কেউ কোন খবর দিতে পাচ্ছে না। অঙ্গকের কাগজে আছে হিজল বিলে স্বারকা নদীতে একটি বোট উলটে গিয়ে ৪ জনের মত্তু হয়েছে। আমি আর একটা ঘটনা এখনে ঘোষণা করছি এবং এই বলে মন্ত্রী মহাশয়ের দ্রষ্টিং আকর্ষণ করছি। এই বিলের মধ্যে বহু দ্বের আছে। খাল-বিল সম্বন্ধে মন্ত্রী মহাশয়ের বিবৃতিতে কিছু কিছু আছে কিন্তু এই একটি মাত্র বিল যে কি প্রলয়করণী এবং বিশেষ করে মুর্শিদাবাদে এই বিলটির জন্য যে কি তাত্ত্বক স্ট্রিট হয়েছে তা এখন বুঝা মুস্কিল। এই বিলটি হল হিজল বিল। এই বিলের মধ্যে বহু বড় বড় বাঁধ আছে—১৬টি ঘের আছে। বার বার কর্তৃপক্ষকে জানান হয়েছে যে এই বিলে এই ঘের থাকার জন্য জলের যে ন্যাচারাল গতি—স্বাভাবিক গতি সেটা আটকে দেওয়া হয়েছে। এইদিকে যদি দ্রষ্টি দেওয়া যায় তা হলে সমস্যার খানিকটা সমাধান হবে। আমাদের উপমন্ত্রী কাজের আলি মির্জার প্রচুর জরুর এই বিলে আছে। এর মধ্যে বিজ্ঞানারায়ণ রায় যিনি ভূতপূর্ব এম এল এ ছিলেন, যিনি কাঁদির রাজা, তাঁর প্রচুর জরুর আছে, তিনি টি অংশ জারির মালিক। গোলবদন ত্রিবেনীর ও বহু জরুর আছে, পরিমল ঘোরের ও প্রচুর জরুর রয়েছে, মহম্মদ ইস্মায়েলের জরুর রয়েছে এমন কি বড় বড় লোক—মন্ত্রী বিমলচন্দ্র সিংহেরও কিছু কিছু জরুর হিজলবিলে আছে। এদের জরুর, নিজের জরুর রক্ষা করার জন্যই হিজল বিলে ঘের দিয়ে জল আটকে রাখা হয়েছে। মাইথন ডামের জল যখন ছেড়ে দেওয়া হয় তখন সেই জল নদীনালা দিয়ে ভাগীরথীর সঙ্গে ঘোগ আছে, হিজলে এসে পড়ে কিন্তু এই বড় বড় ঘের দিয়ে জল আটকে রাখার জন্য ব্লিট সংশ্লিষ্ট জলরাশ ঘের হতে বার হতে পারে না, না পেরে বিপর্যয়ের স্ট্রিট করে। এই ঘের দেওয়া বৰ্ধ করতে না পারায় এই মুর্শিদাবাদ জেলায় প্রতি বছরই প্রায় এই ঘটনা ঘটছে, তাই আমি এই সম্পর্কে সতর্ক করে দিতে চাই। যে ক্ষতি আমাদের জেলায় হয়েছে সেই ক্ষতির পরিমাণ এখনও নির্ণয় করা সম্ভব হয় নি। সরকারীভাবে জেলা ম্যাজিস্ট্রেটের সঙ্গে যোগাযোগ করতে তিনি বলেছেন দু লক্ষ লোক ক্ষতি-গ্রস্ত হয়েছে। আমাদের যে রিপোর্ট বেসরকারীভাবে তাতে অন্ততঃ ৪ লক্ষ লোক এই বন্যায় বিপর্যস্ত হয়েছে। সমগ্র দেশ জলবায় হয়ে আছে। আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন বন্যা কেনে কেনে সেই সময় আশীর্বাদ হয়। অপ্রস্ময়ে হয় বটে। কিন্তু ১৯৫৬ সালে যে বন্যা হয়েছিল এবারকার বন্যা তার ৮। ১০ গুণ বেশি ভয়াবহ হয়েছে। ১৯৫৬ সালের বন্যায় আমাদের মুর্শি-মন্ত্রী মহাশয় আদর্শ গ্রামের পরিকল্পনা করেছিলেন। লক্ষ লক্ষ টাকা অপব্যবহৃত নেওয়া হয়ে গেল কিন্তু আদর্শ গ্রাম একটিও দেখতে পাই না—সারা বাংলাদেশে। তাই সভাপতি মহাশয় আমার একটা নিবেদন—এবারের বন্যায় অন্ততঃপক্ষে আদর্শ গ্রামের উল্লিখিত পরিকল্পনা করে লক্ষ লক্ষ টাকা যেন জনসাধারণের অপচয় না করা হয়।

শ্বিতীয় শ্রেণি অনুরোধ যেটা আপনার কাছে সেটা হচ্ছে দুর্যোগমন্ত্রী মহাশয় সেদিন সহযোগিতার কথা বলেছেন, আজ খাদ্যমন্ত্রী মহাশয়ও সেকথা বলে গেলেন, আজকে শুধু আপনার মারফত একথাই জানাতে চাই যে সহযোগিতা করবার জন্য আমরা প্রস্তুত আছি যদি সমস্ত দল নিয়ে একত্রিত করে একটি রিপোর্ট করিব তৈরি করেন এবং শুধু মাত্র দলীয় স্বার্থে তা ব্যবহৃত না হয়। আমাদের অতীতের যে তিক্ত অভিজ্ঞতা তাতে একথা বলতে পারি যেখানে আপনাদের ক্ষেত্রে

নেই সেখানে আমাদের কর্মীরা খালি হ.তে ঘূরে বেড়িয়েছে, রিলিফ অন্য দিকে চলে গিয়েছে কিন্তু সেখানে থায় নি। এই যে তিক্ত অভিজ্ঞতা এর মেন প্ল্যান্সার্ট না হয়। বাংলাদেশের আজ দারুণ দ্রুর্গ, সমস্ত দেশবাসী—১০ লক্ষ কেন আমরা বাঁল তার চেয়ে অনেক বেশি—সেদিকে আপনারা একটি, অবাহিত হবেন এবং অবাহিত হলে দেশকে বাঁচাতে পারবেন, সমস্ত দেশে যাতে রিলিফ অনুস্থিত হয় তার ব্যবস্থা করবেন।

**Shri Syed Sahadulla:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি, যখন মন্ত্রী মহাশয় রিলিফ-এর বর্ণনা করছিলেন তখন স্তুপিত হয়ে শুনছিলাম। এতে আস্থাসন্তুষ্টি আছে এবং এর সঙ্গে নিজেদের যে প্রয়াস পাইলেন তাতেও আস্থাসন্তুষ্টির ভাব আছে যে আমাদের স্বারা চেষ্টা যা করবার তা করা হয়েছে। আমি বৈশিষ্ট কথা বলব না, এখান থেকেই আমি আরম্ভ করছি। তাঁরা নৌকার যে দ্রুতত উপস্থিত করেছেন সেই কথা প্রথম ধরে নিয়ে তাঁর কথা থেকেই আলোচনা করছি। গত সেপ্টেম্বর মাসে মন্ত্রী মহাশয় যা বলেছেন ১১—১৫ ইঞ্জিন ব্রিট হয়েছিল এবং ১১ তারিখে যে ১ লক্ষ কিউটসেক ছলশারা ছাড়া হয়—রিপোর্ট—এ এই রকম সংবাদ আছে, সেই সময় বধমানে বাঁকার জল সহরের সমস্ত অঞ্চলে ও তার পার্শ্ববর্তী অঞ্চলে ঢাকে বর্ধমানকে বিবরণ্ত করে দেয়। এই সময় ধূসকরা অঞ্চলের খবর বলছি—বন্যা হয়ে গেল কোন রকম ঘোগাঘোগ করতে পারা গেল না, এই অবস্থার স্তুপিত হল। এই সময় ধূসকরা অঞ্চলে থানের সময়। এই সময় জেলা ম্যার্জিস্ট্রেট ডি সি-কে লিখলেন, আমরা জেলা ম্যার্জিস্ট্রেটকে লিখেছি, যে শৈঘ্র করুন কিন্তু তিনি মিলিটারি বোট-এর ব্যবস্থা করতে পারেন নি। তখন আমরা পর্যবেক্ষণ সরকারকে লিখেছি এবং মুখ্যমন্ত্রীকে এই বোট তাড়াতাড়ি পাঠিয়ে দেবার জন্য প্রাঙ্গক-কল করেছে যে বিপ্লব গ্রাম-গ্রামীয়া মেরুন্ড হয়ে আছে, এই অনুরোধ করেছি। এটা বলবার কারণ ছিল। কারণ ১৯৫৬ সালে এই অবস্থা হয়েছিল মন্ত্রী মহাশয়কে প্রাঙ্গক-কল করে বিপ্লব লোকদের জন্য কোন সাহায্য পাওয়া যায় নি। তখন বে-সরকারীভাবে একজন এম.পি.পি. রেজাক সাহেব, একজন সাধারণ যাগারিক হিসাবে সাহায্যের জন্য বলেছিলেন যে মিলিটারি বোট পাঠালে ভাল হয়। অবশ্য তিনি লেন্দেলেন যে আমার কোন ক্ষমতা নেই। যাই হোক তারপর সেই বোট এসে পৌঁছায়। কিন্তু আজকে দেখা গেল সেই সেপ্টেম্বর মাসের মাঝামাঝি এই অবস্থা যে মুখ্যমন্ত্রী মহাশয়কে টেলিগ্রাম করা হয়েছে এবং প্রদেশের জ্যোতিবাবুকেও টেলিগ্রাম করা হয়েছে বোট-এর জন্য তব-ও এক মাস হয়ে গেল। এখানে ১৯৪৩ সালের কথা বলছি, যখন দেশ স্বাধীন হয় নি, মাননীয় প্রভৃতি মুখ্যমন্ত্রী হয়ত জানেন, তিনি জিতেন মিশেকে জিজ্ঞাসা করতে পারেন তখন আমরা সাহায্য করবার জন্য বেরিয়েছিলাম এবং তখন চৰ্বিশ ঘটার মধ্যে বোট গিয়ে হাজির হয়েছিল। আর স্থানে এবার এক মাস ধরে বোট সংগ্রহ করতে পারলেন না।

[4.20—4.30 p.m.]

গত ১২ বছরের যে ইতিহাস তাতে সরকারী মিলিত রিলিফ কর্মসূচি প্রেরণ করে একটি বোট বর্ধমান জেলার বনাবিপন্ন অঞ্চলের জন্য রাখা ছিল সেই সমস্ত বোট নষ্ট হয়ে গচ্ছে। বারবার সরকারী কর্মচারীদের কাছ থেকে সাধারণের সাহায্য তৈরি বোট নষ্ট হওয়া সম্বন্ধে কোন কৈফিয়ত পাওয়া যায় নি। এই একটা দ্রুতান্ত থেকেই বোঝা যায় যে, তাঁরা করেন আস্থাসন্তুষ্টির ভাবই প্রকাশ করেন। বোট, সুর, নোকা যাতে করেই যথনই কোন সাহায্য পৌঁছে দেওয়া হয় তা কোনোদিনই সাধারণ মানুষের কাছে শেষ পর্যন্ত পৌঁছায় না। বোট সমস্ত সংগ্রহ করা হল তা ২২-২৩ দিন বাদে পৌঁছাল, অর্থ সাধারণ মানুষকে গাছের ঢালের উপর এবং চালের উপর থাকতে হয়েছিল। এই অবস্থায় মিলিটারি ডাকা হল এবং মিলিটারি সেই বোট ইউজ করল। এইভাবে ১৯৪৩ সালে এবং ১৯৫৬ সালে আমরা দেখেছি যে, তাঁরা গভর্নরেলের সম্পর্ক বাঁচিয়েছিল। ফায়ার ভিগেড, গভর্নরেলের সম্পর্ক বাঁচানোর জন্য ধাকতে পারে কিন্তু সেই অঞ্চলে বোট রাখার কেন ব্যবস্থা হয় নি? বেসরকারী সংস্থা চাঁদা তুলে যে ৩৬টি বোট সরকারী ব্যবস্থাপনায় রাখা হয়েছিল তা কেন ব্যবহার করা হয় নি? এইভাবে আস্থাসন্তুষ্টির ভাব সব জায়গায় প্রকাশ পাচ্ছে। ধূসকরার বন্যা সেখানকার ২ হাজার সেক রিলিফ অফিস বি ডি ও-র কাছে বসে থেকেছে এবং তার পর সেই বি ডি ও বর্ধমানের জেলা ম্যার্জিস্ট্রেটের কাছে জানাতে তিনি যে ৫০ হাজার টাকার এক পয়সার

ভূকাংশেও জনসাধারণ পাই নি। এতে হয়ত মাল্প্রমহাশয় আস্থপ্রসাদ স্বাক্ষর করতে পারেন কিন্তু অনসাধারণের কোন উপকারাই করা হবে না। আর্ম এখানে একটা চিঠির একটা অংশ প্রশ্নোন্বাদ—মাল্প্রমহাশয়ের একটা গুণ আছে যে, তিনি চিঠির প্রাপ্তিশ্বীকার করেন। ১৪ই অগ্রহ্য তারিখের চিঠিতে তাকে জানিস্বে ছিলাম যে, কোশী, গঙ্গা এবং উত্তর ভারতের নদীগুলির অবস্থা তাতে অবিজ্ঞানিক হিসাবেও আমাদের অশঙ্কা হচ্ছে যে—আর্পণেনশন হচ্ছে—পূর্ব অসমীয়া, ঘূসকরা, কাটোয়া, বৌরচূম, বাকা, ধাঢ়ি, অজয় ইত্যাদিতে ভৌষণ অবস্থা স্মৃতি হচ্ছে পারে। অর্থাৎ সেখানে আর্ম বলেছিল যে,

Inspector's reports reveal that the Kosi has been in flood and the strain of the embankment is enough to take note of and to call for issue of warning and precautions. The Ganges is in spate and has already broken embankments flooding the area in Bhagalpore. Naturally we should expect all this spate to have impact in lower reaches as it flows down. Simultaneously an-coincidence of such spate in the lower reaches may give reason for apprehension. One has to add to this the trouble if canal water met with impediment in such spate in flowing out.....

মন্তব্য যে, মাল্প্রমহাশয় সেকথা স্বীকার করেছেন, কিন্তু

water was released without notice to the inhabitants of the Catchment area এই মজাহাজা নদীগুলির জল ক্যাচমেন্ট এলাকায় নিয়ে গিয়ে ফেলেন। দামোদরের জল, অজয়ের জল দুর্গাপুর, পানাগড়, জি টি রোড এবং রেল লাইনকে বাচানের জন্য ঘূসকরায় নিয়ে গিয়ে ফেলেছেন। এর ফলে কাটোয়াকে বিপন্ন করে দেন এবং এর জন্য গঙ্গায় যে চাপ স্মৃতি হয়ে তা সমস্ত কাঁদি মহকুমাকে প্লাবিত করেছে। কলকাতা ও দিল্লী শহরকে বাচানের জন্য ব্রিটি আমলে মিলিটারি ছিল কিন্তু বর্তমানে তা থাকা সত্ত্বেও দামোদর, ময়দ্রাক্ষী, অজয়ের বন্দা মানুষ বিপন্ন হচ্ছে। এই সমস্ত জিনিস বর্ধমান, কাঁদি, মুর্শিদাবাদ, হৃগুলির সমস্ত লোক তাদের সাধারণ অভিজ্ঞতা থেকে জানে যে, এখানে দুর্টি সমস্যা আছে—এক হচ্ছে মরা, হাঁ নদীগুলি পরিষ্কার করা এবং আরেকটি হচ্ছে ন্তৰন ৪টি বাঁধ তৈরি করা। মাল্প্রমহাশ সায়েন্সের প্রাজ্যেট, আর্ম তা নই কিন্তু স্বদেশী আমলে বৃক্তা দিতে দিতে এবং উইলক সাহেবের বৃক্তা পড়ে যে সামান্যটুকু জ্বান সায়েন্স সম্বন্ধে হয়েছে তাতে জান যে, জলধারা যথ প্রবল আকারে আসে তখন নিচে বাঁধ দিয়ে তা প্রতিরোধ করা যাব না। সেইজন্য বলব যে, উপর দিকে যাদি বাঁধ না করা হয় তা হলৈ প্রতিরোধ করা সম্ভব হবে না। সূত্রাং বপ্তু বৃক্তি করে তার টোটালিটি বাঁধিয়ে দেশকে বড় কামানের বা রিভলবারের বুলেটের সামনে জড়ে দেও। হচ্ছে। সূত্রাং এটা বড় কিছু নয় নিউটনস সেকেন্ড ল অব মোশন পড়লেই সব জানা যাবে যাহা হোক, ইউরিফিমিস্মের ভাষায় বলতে হয়

In view of the irregular quantities of water running through the channel heads of most of the rivers in West Bengal in different areas—these channel cannot carry the whole of the water when there is a very heavy rainfall in their catchment areas.

অর্থাৎ তাদের এটা বলা উচিত ছিল যে, আমরা মরা-হাজা নদীগুলির সম্বন্ধে কিছুই করি নি ইরেগুলার রেনফল হলেও মরা-হাজা নদীগুলিকে পরিষ্কার রাখতে হবে। কেন এরক ইউরিফিমিস্টিক লাঙ্গোয়েজ কেন ব্যবহার করা হয় যে, সব ভগবানের হাত, আমরা কি করব এইভাবে প্রতি বৎসর এরকম অবস্থার স্মৃতি করা হচ্ছে। যে-কেন জি টি রোডের ধার দিয়ে আসানসোলের উপর দিয়ে যেতে যেতে দেখবেন যে, এখানে ক্যানেল ব্রক বেল্ট স্মৃতি করা হয়েছে যেখানে উইলকস বলেছেন, ৭টি চেন আজকে সেখানে হাজার হাজার চেন বাংলাদেশে ছাঁড়ি দেওয়া হয়েছে। এই পুর্ণত্বকা সম্বন্ধে আরও দু'-একটা কথা বলে আর্ম শেষ করব। ক্যানেলে যে পাড় বাঁধা হয়েছে তা ২-৩ বৎসর বসতে লেগেছে। মাল্প্রমহাশয় এবং আর্ম দু'জনেই ক্যানেলের দেশের লোক কিন্তু আমরা কি কখনও শুনেছি যে, পাড় বসতে ২-৩ বৎসর সম্মানে? সূত্রাং বাঁধ যে হয় নি সে কথা স্বীকার করা উচিত ছিল। আপনারা যে লক্ষ টাকা খরচ করে পাঞ্জা ব্রীজ, কালভার্ট তৈরি করেছেন তা যে করেক মাসের মধ্যেই ভেঙে যাবে তার কৈফিয়ত কি? এইভাবে তাঁরা বহু টাকা খরচ করে কেবল চেষ্টা করেছেন শাতে কি নি

রোড দিলে রেল লাইনে জল না যাব। এরকম পরিকল্পনার ফলে নিম্ন দামোদর শুকিয়ে যাচ্ছে এবং ধার জন্য হাওড়া এবং উলুবোড়ুয়ার রেগুলার ওয়াটার ফ্লো হচ্ছে না। প্রাকৃতিক দুর্বোগ আমরা স্বীকার করি, কিন্তু বইতে বানের যে কৈফিয়ত বেরিয়েছিল সে সম্বন্ধে আমাদের যে অভিযোগ ছিল তা বাদ্য মীলয়ে দেখেন তা হলৈ দেখবেন যে, আমাদের অভিযোগ অনেকাংশে স্বীকৃত হয়েছে।

[4.30—4.40 p.m.]

**Shri Nirmal Chandra Bhattacharyya:** Mr. Chairman, Sir, in connection with the flood situation in West Bengal I had the honour of addressing two letters—one to Hon'ble Ajoy Kumar Mukherji and another to Hon'ble Iswar Das Jalan on the 17th September. I have duly received a reply from Mr. Jalan but Mr. Mukherji from his olympic height has not condescended to reply to my letter.

Sir, I raised some questions in my humble letter to the Hon'ble Minister regarding the causes of the recent floods in Mayurakshi, Damodar and Bhagirathi and some of the other rivers in West Bengal, the extent of the damage caused by these floods, steps taken by the Government for relieving the distress of the people affected by the floods as also the measures contemplated by Government to prevent the recurrence of such disastrous floods. I also enquired how far the faulty construction of dams and barrages was responsible for the terrible damage that West Bengal has had to suffer from time to time. But Mr. Mukherji has not replied to these questions and possibly members will agree with me when I say that the Hon'ble Minister, Mr. P. C. Sen, has also failed to meet some of the points regarding which I sought information from the Hon'ble Minister.

Sir, my friends who have spoken before me have confined themselves to the flood situation in West Bengal outside Calcutta. But Calcutta, Sir, is also an affected area and as a representative of the graduates of Calcutta I feel that it is my duty to make representation to you and to the members of the House as to the terrible situation in Calcutta itself. The Hon'ble Mr. P. C. Sen in course of his speech has referred to the terrible distress of the refugees many of whom are settled in the suburbs of Calcutta. It is needless on my part to give a description of their distress. I will make certain constructive suggestions and place them before the House. I do not know what notice of these suggestions will be taken by the Ministry because under the very nose of the Ministers we notice that the south gate of the Assembly House was flooded just before the commencement of the present sitting of the House and the Ministers seem to be absolutely oblivious of what is happening just under their nose, not to think of things distant. Sir, I will make my suggestions with regard to the position in Calcutta. Out of 37 square miles of Calcutta municipal area, 17 square miles are still unsewered. Sir, it is a shame for the Calcutta Corporation and for the members who happen to be councillors of the Corporation.

[Interruptions from the Congress Benches]

Sir, I was saying that out of a total mileage of 37 square miles 17 square miles still remain unsewered. It is a testimony of the great inefficiency of the Corporation of Calcutta. The Union Government promised a loan of Rs. 225 lakhs to the Corporation but the Corporation have not been able to prepare schemes yet for the purpose of spending this sum. It is a measure of efficiency of the Corporation. I will particularly refer to new areas that have been added to the Corporation from the Tollygunge municipality which covers about 8 square miles and the whole of it is practically unsewered and the Corporation has not taken any step to improve the drainage system of that area. The canal known as Panchannagram needs to be excavated but

nothing has been done in spite of the fact that Government was willing to assist them in this matter. The condition of the people of Tollygunge is not perhaps known to honourable members of this House. Even today it is a fact that the people of the area which used to be covered by the former Tollygunge municipality and now which is administered by the Corporation, the people there are suffering from acute shortage of drinking water—in Johura Bazar, Bose Pukur, Haltu—and there is acute distress particularly of drinking water in view of the fact that most of the taps of the tube-wells are under water today. I do not know what the Corporation has done in the matter. I therefore suggest that so far as the Corporation is concerned urgent steps should be taken by the Government in this regard. If the Government were to rely upon the Corporation things will not move fast. It is therefore necessary that Government should take active steps in the matter.

With regard to the situation outside Calcutta, in West Bengal in general, you are aware that 9 of the districts have been terribly affected. In order that there may be some of the permanent solution it is necessary that some foreign experts should be asked to come and report on the situation. Three years ago there was an enquiry by some of the experts of West Bengal belonging possibly to the Government of West Bengal. That report was circulated to us. It was not of much help. It was more or less analytical. They did not make any suggestion and what little suggestion they made was not given effect to by Government. Sir, the fundamental question ought to be entered into. In the first place, it is necessary to enquire how far the present floods are due to the failure of the DVC authorities to implement fully the scheme that was prepared by the experts like Bhurduin and others. There is a talk about their recommendation being very much different from what actually came to be implemented by the DVC authorities. They, it is stated, wanted that there should be constructed 12 dams, but the DVC authorities in their wisdom did not do so. Is the flood attributable to this neglect on the part of DVC authorities to listen to the advice of the experts? In the second place, how far it is due to silting up of the natural channels and rivers? Many of them, you know, Sir, are silted up today. How far is the flood due to that? How far is the flood due to the existence of railway embankment and paucity of bridges and culverts for the passage of water from one side of the embankment to the other? How far it is due to the shortage of water flow in the Hooghly and Damodar and certain other places leading to the rise of the river beds? All these have got to be enquired into. You might say that the local experts may go into these. This reminds me of what an American economist said; after observing some of the Indian experts—not all—at work in association with the Planning Commission, he said that “your economists were more courteous than they were scientists”. So I would not rely upon the local experts, the so-called experts. I would, therefore, request the Government to call in foreign experts from Holland perhaps—from America perhaps—to report on the points that I have raised. That is the constructive suggestion I have to offer.

Finally I offer my humble services—whatever may be its worth—at the disposal of the Government at this juncture which I regard as a national crisis.

[4-40—4-50 p.m.]

**8]. Naren Das:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় ৭ই সেপ্টেম্বর থেকে ৬ই অক্টোবর পর্যন্ত যে কাহিনী আবাদের সামনে উপস্থিত করেছেন তার ভিত্তির কোন নতুন কিছু নেই, সেই ঘটনার কথা না বললেই পারতেন। কারণ এর ভিত্তির কোন নতুন তথ্য বা তত্ত্ব পাই নি।

আমার পূর্ববর্তী বঙ্গরা যে প্রশ্ন তুলেছেন আর্ম তার সঙ্গে একাধিত হয়ে বলছি নদী নির্মাণের বে পারিক্ষণা, যে ব্যবস্থা আমরা গ্রহণ করেছি তার ভিতর কতকগুলি মৌলিক দ্রুটি আছে, এবং সেই মৌলিক দ্রুটি সম্বন্ধে আমাদের সজাগ ইওয়া উচিত, অনুসন্ধান ইওয়া উচিত ও কালীবলৈ না করে যা করণীয় তা করা উচিত। সরকার যদি শুধু আঞ্চাসম্মুক্তির জন্য এই কথা মনে করেন যে, দামোদর ভালি কর্পোরেশন বন্যানিরোধ করছেন, সেটা অত্যন্ত দ্রুতের বিষয়। আজ যাঁরা সাধারণ মানুষ গদীতে আসীন হয়ে বসছেন, তাঁদের চেয়ে ব্যৰ্থ মানুষ যাঁরা দামোদর অঞ্চলে দামোদর নদীর দ্বৰ্হ পাঞ্জ বাস করেন; তাঁদের প্রত্যক্ষ অভিজ্ঞতা ও ধারণা থেকে বলছেন ১৯১৩ সালে সেই সমস্ত জয়গায় কখনও বন্যা হয় নি, সেখানে বন্যার জল কখনও ঢোকে নি। বর্ধমান এবং হুগলির সর্বত্র বন্যা হয়েছে কিন্তু সেই সমস্ত অঞ্চলে যেমন ধূমোহালি, তারকেশ্বর, সেখানে ১৯১৩ সালে কখনও বন্যা হয় নি। তাঁদের ধারণা হচ্ছে এই দামোদর ভ্যালি

instead of being an agency of flood control has been an instrument of flood distribution.

স্যার, তাই আর্ম এ সম্বন্ধে মাননীয় মৰ্শিমহাশয়ের কাছে নিবেদন করব, যাতে একটা মৌলিক অনুসন্ধান হয় তার ব্যবস্থা করুন।

স্যার, সরকারের তরফ থেকে যে হোয়াইট পেপার আমাদের কাছে দেওয়া হয়েছে তাতে ব্যর্থতার কথাই বর্ণনা করা হয়েছে। তাঁরা বলছেন যেমন বহু দেশে বন্যা হয় তেমনি আমাদের দেশেও হয়েছে। বিলাতে হয়েছে, ফ্রান্সে হয়েছে, ইটালীতে হয়েছে এবং এমনকি চীনেও হয়েছে; অতএব আমাদের দেশেও বন্যা হ'লে কেন দেয় নেই।

